



পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

ফোন-অফিস - ০৭৩২৪/৫৬৩০১
অভিযোগ কেন্দ্র - ০৭৩২৪/৫৬১৩৬
ই-মেইল ঠিকানা - pbs_pab_1@yahoo.com
ওয়েব সাইট - www.pabnapbs1.org

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫৫৬.০১.০৪৬.১৯.২৭০

তারিখঃ ০৮/১০৪/১৪২৫ বঙ্গাব্দ
২১/০১/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রাউন্ড টিনশেড ষ্টোর রং করন কাজের কোটেশন আহবান প্রসঙ্গে (RFO)।

নিম্নের বর্ণনানুযায়ী অত্র পবিসের রাউন্ড টিনশেড ষ্টোর রং করনের জন্য পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে কোটেশন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	রাউন্ড টিনশেড ষ্টোর রং করন: প্রথমে পুরাতন রং, ময়লা, শেওলা ইত্যাদি সিরিজ কাগজ / তারের ব্রাশ দ্বারা পরিষ্কার করার পর এক কোট রেড অক্সাইড দিতে হবে। রেড অক্সাইড ভালভাবে শুকানোর পর দুই কোট এনামেল পেইন্ট করতে হবে।	৬৫০০ বর্গফুট		

কথায়ঃ


শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ২৯/০১/২০১৯ইং তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিজস্ব লেটার হেড প্যাডে দর উল্লেখ পূর্বক (ক) জেনারেল ম্যানেজার, পাবনা পবিস-১, চাটমোহর, পাবনা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকায় জমা প্রদান করবেন।
- ০২। কোটেশন সমূহ ২৯/০১/২০১৯ইং তারিখ দুপুর ১২-৩০ ঘটিকার সময় বর্ণিত দাখিলকৃত স্থানে একযোগে উপস্থিত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাক/কুরিয়ারে কোন কোটেশন গ্রহণ করা হবে না।
- ০৩। রং ও শেওলা ঘষে উঠিয়ে নিতে হবে এবং প্রয়োজনমত একই ব্রাণ্ডের পুটিং ব্যবহার করে সিরিজ কাগজ দ্বারা যথাযথ ভাবে ঘষে দুই কোট রং করতে হবে।
- ০৪। রং করনের সময় পুরাতন রং ঘষে উঠানোর পর দুই কোট বার্জার কোম্পানীর এনামেল পেইন্ট ব্যবহার করতে হবে।
- ০৫। প্রতিটি রং খোলার সময় সমিতির প্রতিনিধির সম্মুখে খুলতে হবে। সীলকৃত ড্রাম ব্যতিত অন্য কোন ড্রামের রং ব্যবহার করা যাবে না।
- ০৬। রং করনের পূর্বে ময়লা অপসারণ হয়েছে কি না তা পবিসে মনোনীত কর্মকর্তাকে দেখানোর পর সন্তোষজনক হলে প্রথম কোট রং করতে হবে। প্রথম কোট রং শুকানোর পর দ্বিতীয় কোট রং করতে হবে।
- ০৭। উক্ত কাজে সমিতি থেকে কোন মালামাল সরবরাহ করা হবে না।
- ০৮। প্রথম প্রলেপ দেয়ার পর তা শুকালে দ্বিতীয় প্রলেপ দিতে হবে।
- ০৯। প্রতিটি কোটেশনের সাথে চলতি ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন/ আয়কর সনদ/ ব্যাংক সলভেন্সী (যদি থাকে) সনদের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।
- ১০। কোটেশন সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে এই দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১০

১০

- ১১। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়ম অনুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক পাবনা পবিস-১ কর্তৃক সরাসরি মালামালের মূল্য পরিশোধ করা হবে।
- ১২। খামের উপর “রাউন্ড টিনশেড টৌর রং করন এর কোটেশন” কথাটি লিখতে হবে।
- ১৩। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন সরবরাহ করতে হবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য মোট বিলের ১% এর $\frac{১}{১০}$ অংশ বিল হতে কর্তন করা হবে। যাহা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১৪। অসম্পূর্ণ কোটেশন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৫। কোন কারন প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সরক্ষিত।
- ১৬। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে অত্র পবিস ব্যবস্থাপনার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


১২/০৩/১৩

(প্রকৌঃ মোঃ মাহফিজুল হাসান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বিআরইবি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবোর্ড, রাজশাহী।
- ৪। জেলা প্রশাসক, পাবনা।
- ৫। পুলিশ সুপার, পাবনা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ গণপূর্ত বিভাগ / সওজ বিভাগ, পাবনা।
- ৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, পাবনা।
- ৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
- ৯। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/ দাশুড়িয়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, পাবনা।
- ১১। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর/আটঘরিয়া/ভাংগুড়া সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
- ১২। এজিএম (ওএন্ডএম/এমএস/অর্থ-হিসাব/ইএন্ডসি), পাবনা পবিস-১।
- ১৩। মেসার্স-----।
- ১৪। নোটিশ বোর্ড, সদর দপ্তর ও অভিযোগ কেন্দ্র, পাবনা পবিস-১।


১২/০৩/১৩

(প্রকৌঃ মোঃ মাহফিজুল হাসান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)